

তথ্যবিবরণী

নম্বর: ৯৬

## ময়মনসিংহ জেলা উন্নয়ন সমন্বয় কমিটি'র মাসিক সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ জেলা প্রশাসকের আয়োজনে রবিবার (১১ জানুয়ারি) দপ্তর কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা উন্নয়ন সমন্বয় কমিটি'র মাসিক সভা অনুষ্ঠিত হয়।

সভায় এজেন্ডাভুক্ত জেলা পর্যায়ের সকল দপ্তরসমূহের পরিচালক এবং উপপরিচালকবৃন্দ উপস্থিত থেকে দপ্তরের গুরুত্বপূর্ণ কার্যক্রম সমূহের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে জেলা প্রশাসককে অবহিত করেন। এছাড়া ও সভায় গত সভার সমন্বয় কমিটির কার্যক্রমের সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয়।

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী। এ সময় তিনি জেলার সকল দপ্তর প্রধানদের উদ্দেশ্যে বলেন, আমাদের সবাইকে জেলার উন্নয়নের স্বার্থে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। উন্নয়ন কাজের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে তা আমাদের সকলের সমন্বয়ে সমাধান করতে হবে।

এ সময় সভাপতি নির্বাচনী ইশতেহার গুলোর প্রতি লক্ষ্য রাখার আহ্বান জানিয়ে বলেন, আমরা প্রত্যেক দপ্তর যদি নিজ নিজ জায়গা থেকে নির্বাচনী ইশতেহারগুলো পালন করার চেষ্টা করি তাহলে একই সাথে দেশের উন্নয়ন ও স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা সম্ভব।

সভায় ময়মনসিংহ জেলা ম্যধমিক শিক্ষা অফিসার মোহিনী খাতুন বলেন, জেলায় অষ্টম-নবম শ্রেণির পর্যন্ত শতভাগ পাঠ্যবই প্রদান করা হয়েছে। ভোটকেন্দ্র হিসেবে নির্ধারিত স্কুলসমূহে আলোর স্বল্পতাসহ অন্যান্য যে সব সমস্যা ছিল সেগুলো যথাযথ সমাধান করা হয়েছে বলেও তিনি জানান।

জেলা ত্রাণ ও পূর্ণবাসন অফিসের পক্ষ থেকে জানানো হয়, সরকারের পক্ষ থেকে এ পর্যন্ত ৯৭ হাজার ৮০০ কন্সল পাওয়া গেছে। যার মধ্যে প্রায় শতভাগ বিতরণ করা সম্ভব হয়েছে।

সভায় আরো উপস্থিত ছিলেন জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা, জেলা পুলিশ সুপারের প্রতিনিধি সহ উপজেলার সকল ইউএনওগণ।

#

রেজভী/ মনির / দেওয়ান /রিদওয়ান / হুদা ২০২৪/১৫:০০ ঘন্টা